গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-৪৭/২০১৯-২০২০
ঢাকা, ২ সেপ্টেম্বর সোমবার ২০১৯, ১৮ ভাদ্র ১৪২৬

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। রফতানি বাড়াতে পণ্যের নতুন বাজার খুঁজতে হবে : প্রধানমন্ত্রী
২। সমতার ভিত্তিতে শান্তিপূর্ণ বিশ্ব গড়তে হবে : মালদ্বীপে সম্মেলনে স্পিকার
৩। আসামে তালিকা থেকে বাদপড়ারা বাংলাদেশি নন : পররাষ্ট্রমন্ত্রী
৪। একাত্তরের পর বাংলাদেশ থেকে কেউ ভারতে যায়নি : আসামের এনআরসি প্রসঙ্গে স্বরাষ্ট্রমন্ত্রী
৫। সাম্প্রদায়িক সম্প্রীতি সমুন্নত রাখতে সরকার বদ্ধপরিকর : জন্মাষ্টমীর অনুষ্ঠানে অর্থমন্ত্রী
৬। তথ্যমন্ত্রীর উদ্বোধনের মধ্য দিয়ে ভারতে বিটিভির সম্প্রচার শুরু আজ
৭। বাংলাদেশে আই এস বলে কিছু নেই : তথ্যমন্ত্রী
৮। কাজের গুণগতমান নিশ্চিত না করে বিল দেওয়া যাবে না : গণপূর্তমন্ত্রী
৯। সিসিটিভির আওতায় আসছে সব ভূমি অফিস : ভূমিমন্ত্রী
১০। ভারতের রিলায়েন্স পাওয়ারের সঙ্গে পিডিবির বিদ্যুৎ ক্রয় চুক্তি স্বাক্ষর
১১। ডিএসসিসির বাজেট ঘোষণা : মশা মারতে বরাদ্দ ৪৩ কোটি টাকা
১২। দেশ উৎপাদনশীল অর্থনীতির দিকে এগিয়ে যাচ্ছে : শিক্ষা উপমন্ত্রী
১৩। সঞ্চয়পত্রে ৫ শতাংশ উৎসে কর কাটার প্রজ্ঞাপন জারি করেছে জাতীয় রাজস্ববোর্ড

চলমান পাতা-২

১। **রফতানি বাড়াতে পণ্যের নতুন বাজার খুঁজতে হবে : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, রফতানি বাড়ানোর জন্য নতুন বাজার ও পণ্য বহুমুখীকরণ অত্যন্ত গুরুত্বপূর্ণ। বর্তমান সরকার নতুন নতুন বাজার সৃষ্টি করতে কাজ করে যাচ্ছে। সরকার 'নতুন পণ্য নতুন দেশ' স্লোগান সামনে রেখে রফতানি বাড়াতে চায়। ২০২১ সালের মধ্যে ৬০ বিলিয়ন ডলার রফতানি আয় অর্জনের লক্ষ্যে কাজ চলছে। প্রধানমন্ত্রী আরো বলেন, সরকার সব সময়ই ব্যবসায়ীদের পাশে আছে। দেশ যাতে আর্থিকভাবে স্বাবলম্বী হয়, সে জন্য ব্যবসায়ীদের সহযোগিতা করছে সরকার। গতকাল (১ সেপ্টেম্বর রোববার) বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে জাতীয় রফতানি ট্রফি প্রদান অনুষ্ঠানে এসব কথা বলেন প্রধানমন্ত্রী। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৬), **নিউ নেশন** (শেষ পৃ,ক.৭), **অবজারভার** (পৃ.১,ক.১)।

২। **সমতার ভিত্তিতে শান্তিপূর্ণ বিশ্ব গড়তে হবে : মালদ্বীপে সম্মেলনে স্পিকার**

দারিদ্র্য দূর করে সমতার ভিত্তিতে শান্তিপূর্ণ ও অন্তর্ভুক্তিমূলক সম্ভাবনাময় ভবিষ্যৎ বিশ্ব গড়ে তোলার আহ্বান জানিয়েছেন স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী। গতকাল (১ সেপ্টেম্বর রোববার) মালদ্বীপের রাজধানী মালেতে শুরু হওয়া দু'দিনব্যাপী 'চতুর্থ সাউথ এশিয়ান স্পিকার্স সামিট' এ বক্তব্যদানকালে তিনি এ আহ্বান জানান। টেকসই উন্নয়নমূলক লক্ষ্য (এসডিজি) পূরণে এ সম্মেলন গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে উল্লেখ করে স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেন, এ সম্মেলনের মাধ্যমে দক্ষিণ এশিয়ার সংসদগুলোর মধ্যে কর্মপরিকল্পনা ও অভিজ্ঞতা বিনিময়ের দ্বার উন্মোচিত হয়েছে। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.১), **ইত্তেফাক** (পৃ.২,ক.৮), **অবজারভার** (পৃ.৩,ক.৪), **এশিয়ান এজ** (শেষ পৃ,ক.৪)।

৩। **আসামে তালিকা থেকে বাদপড়ারা বাংলাদেশি নন : পররাষ্ট্রমন্ত্রী**

পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন বলেছেন, আসামে নাগরিক তালিকা তৈরির ঘটনায় বাংলাদেশে কোনো প্রভাব পড়বে না। এ ব্যাপারে অঙ্গীকার করেছে ভারত। তিনি জোর দিয়ে বলেন, ঐ তালিকায় বাদপড়া ১৯ লাখের একজনও বাংলাদেশি নাগরিক নন। গতকাল (১ সেপ্টেম্বর রোববার) ঢাকা ক্লাবে এক অনুষ্ঠানে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। এ সময় মন্ত্রী বলেন, ভারত জানিয়েছে, এটি তাদের অভ্যন্তরীণ বিষয় এবং এর প্রভাব বাংলাদেশে পড়বে না বলেও অঙ্গীকার করেছে। এ নিয়ে উদ্বিগ্ন হওয়ার কিছু নেই। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **ইত্তেফাক** (পৃ.২,ক.৫), **নিউজ** টুডে (শেষ পৃ,ক.৫)।

৪। **একাত্তরের পর বাংলাদেশ থেকে কেউ ভারতে যায়নি : আসামের এনআরসি প্রসঙ্গে স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন আসামের ন্যাশনাল রেজিস্টার অভ্ সিটিজেনস- এনআরসি প্রসঙ্গে বলেছেন, ভারতের অভ্যন্তরীণ বিষয়ে মন্তব্য করছি না এবং করতে চাইও না। তারা যদি আমাদের কিছু জিজ্ঞাসা করে তাহলে আমাদের প্রতিক্রিয়াটা আমরা জানাবো। তবে আমরা সুস্পষ্টভাবে বলতে চাই একাত্তর সালের পরে বাংলাদেশ থেকে কোনো লোক ভারতে যায়নি। যারা গিয়েছেন তারা আগেই গিয়েছেন, ঐ দেশ থেকে যেমন এ দেশে এসেছেন, তেমনই আমাদের দেশ থেকেও গিয়েছেন। কাজেই এনিয়ে আমাদের চিন্তিত হওয়ার কোনো কারণ নেই। গতকাল (১ সেপ্টেম্বর রোববার) গাজীপুরের কাশিমপুর কেন্দ্রীয় কারাগারে এক অনুষ্ঠান শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.৫,ক.৫), **অবজারভার** (শেষ পৃ,ক.১),

৫। **সাম্প্রদায়িক সম্প্রীতি সমুন্নত রাখতে সরকার বদ্ধপরিকর : জন্মাষ্টমীর অনুষ্ঠানে অর্থমন্ত্রী**

অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল বলেছেন, দেশে সাম্প্রদায়িক সম্প্রীতি সমুন্নত রাখতে সরকার বদ্ধপরিকর। বাংলাদেশ ঐতিহ্যগতভাবে সাম্প্রদায়িক সম্প্রীতির দেশ। গতকাল (১ সেপ্টেম্বর রোববার) রাজধানীর শ্রী শ্রী ঢাকেশ্বরী জাতীয় মন্দিরে জন্মাষ্টমী উৎসবের আলোচনাসভায় অর্থমন্ত্রী এসব কথা বলেন। প্রধান অতিথির বক্তব্যে অর্থমন্ত্রী আরো বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন সরকারের সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষায় বিভিন্নমুখী কার্যক্রম ইতোমধ্যে দেশে-বিদেশে ব্যাপকহারে প্রশংসিত হয়েছে। এ ব্যাপারে পুলিশ ও অন্যান্য আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী পারস্পরিক সমন্বয়ের মাধ্যমে কাজ করে যাচ্ছে। সূত্র : **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৫)।

৬। তথ্যমন্ত্রীর উদ্বোধনের মধ্য দিয়ে ভারতে বিটিভির সম্প্রচার শুরু আজ

সমগ্র ভারতে আজ (২ সেপ্টেম্বর সোমবার) থেকে বাংলাদেশ টেলিভিশনের (বিটিভি) সম্প্রচার শুরু হচ্ছে। তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ এ সম্প্রচার কার্যক্রম উদ্বোধন করবেন। ভারতের রাষ্ট্রীয় টেলিভিশন দূরদর্শনের ডিটিএইচ প্ল্যাটফরম ডিডি ফ্রি-ডিশের মাধ্যমে বিটিভির এ সম্প্রচার চলবে বলে তথ্য বিবরণীতে জানানো হয়েছে। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.১,ক.৬), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.৪), **নিউ এজ** (পৃ.৩,ক.৬)।

৭। বাংলাদেশে আই এস বলে কিছু নেই : তথ্যমন্ত্রী

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ ঢাকার সায়েন্স ল্যাবরেটরিতে পুলিশের ওপর হাতবোমা হামলার ঘটনায় মধ্যপ্রাচ্যভিত্তিক জঙ্গি গোষ্ঠী আইএসের জড়িত থাকার কথা নাকচ করে দিয়ে বলেছেন, বাংলাদেশে আইএসের কোনো অস্তিত্ব নেই। তথ্যমন্ত্রী বলেন, আমরা জঙ্গি অবদমন করতে পেরেছি, কিন্তু পুরোপুরি নির্মূল হয়নি। আগস্ট মাসের শেষ দিনে জঙ্গিরা একটি বোমা ফাটিয়ে জানান দেওয়ার চেষ্টা করেছে যে তারা এখনো নির্মূল হয়নি। আমরা তাদের নির্মূল করার জন্য বদ্ধপরিকর। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১৯,ক.১), **নিউ নেশন** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.২)।

৮। কাজের গুণগতমান নিশ্চিত না করে বিল দেওয়া যাবে না : গণপূর্তমন্ত্রী

গৃহায়ন ও গণপূর্তমন্ত্রী শ ম রেজাউল করিম বলেছেন, উন্নয়নের অগ্রযাত্রা সূচিত হওয়ার জন্য শেখ হাসিনার কোনো বিকল্প নেই। গতকাল (১ সেপ্টেম্বর রোববার) পিরোজপুরের নাজিরপুরে এক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মন্ত্রী সড়ক ও জনপথ বিভাগ ও এলজিইডির কর্মকর্তাদের উদ্দেশে বলেন, এরই মধ্যে চলমান বিভিন্ন উন্নয়ন কাজের গুণগতমান নিয়ে আমার কাছে অনেক অভিযোগ আছে। কোনোভাবেই কাজের গুণগতমান নিশ্চিত না করে ঠিকাদারি প্রতিষ্ঠানকে বিল দেওয়া যাবে না। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.৫)।

৯। সিসিটিভির আওতায় আসছে সব ভূমি অফিস : ভূমিমন্ত্রী

ভূমিমন্ত্রী সাইফুজ্জামান চৌধুরী বলেছেন, দেশের সব ভূমি অফিস সিসিটিভির আওতায় আসছে। দুর্নীতিমুক্ত ভূমি সেবা নিশ্চিত করতে মন্ত্রণালয়ের পক্ষ থেকে এ প্রকল্প বাস্তবায়ন করা হবে। গতকাল (১ সেপ্টেম্বর রোববার) ভূমি মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে ভূমিমন্ত্রী সাইফুজ্জামান চৌধুরী এ কথা বলেন। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **এশিয়ান এজ** (শেষপৃ,ক.৩), **নিউজ টুডে** (পৃ.৩,ক.২)।

১০। ভারতের রিলায়েন্স পাওয়ারের সঙ্গে পিডিবির বিদ্যুৎ ক্রয় চুক্তি স্বাক্ষর

এলএনজিভিত্তিক ৭১৮ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনে ভারতের রিলায়েন্স পাওয়ারের সঙ্গে চুক্তি স্বাক্ষর করেছে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিপিডিবি)। গতকাল (১ সেপ্টেম্বর রোববার) রাজধানীতে বিদ্যুৎ ভবনে আয়োজিত এক অনুষ্ঠানে এ চুক্তি স্বাক্ষর হয়। নারায়ণগঞ্জের মেঘনাঘাটে কম্বাইন্ড সাইকেল এ কেন্দ্র নির্মাণ করবে রিলায়েন্স। সূত্র-**বণিক বার্তা** (শেষ পৃ,ক.৪)।

১১। ডিএসসিসির বাজেট ঘোষণা : মশা মারতে বরাদ্দ ৪৩ কোটি টাকা

গতকাল (১ সেপ্টেম্বর রোববার) ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের (ডিএসসিসি) ২০১৯-২০ অর্থবছরের বাজেট ঘোষণা অনুষ্ঠান সম্পন্ন হয়েছে। ডিএসসিসি নগর ভবনে মেয়র মোহাম্মদ সাঈদ খোকন চলতি অর্থবছরের জন্য তিন হাজার ৬৩১ কোটি ৪০ লাখ টাকার বাজেট ঘোষণা করেন। এর আগে কাউন্সিলদের অধিবেশনের মাধ্যমে বাজেটের অনুমোদন হয়। বাজেটে মশক নিয়ন্ত্রণ খাতে ৪৩ কোটি ৩০ লাখ টাকা বরাদ্দ করা হয়েছে। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.৫)।

১২ । দেশ উৎপাদনশীল অর্থনীতির দিকে এগিয়ে যাচ্ছে : শিক্ষা উপমন্ত্রী

শিক্ষা উপমন্ত্রী ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী বলেছেন, টেকসই উন্নয়নের ক্ষেত্রে প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অবদান অপরিসীম। আমাদের দেশ এখন কৃষিভিত্তিক অর্থনীতি থেকে বেরিয়ে উৎপাদনশীল অর্থনীতির দিকে এগিয়ে যাচ্ছে। আমাদের বিশ্ববিদ্যালয়গুলোকে সনাতনী চিন্তাধারা থেকে বেরিয়ে আসতে হবে। গতকাল (১ সেপ্টেম্বর রোববার) চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (চুয়েট) ১৭তম বিশ্ববিদ্যালয় দিবস উদ্‌যাপন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি কথাগুলো বলেন। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.১৫,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.১)।

১৩। সঞ্চয়পত্রে ৫ শতাংশ উৎসে কর কাটার প্রজ্ঞাপন জারি করেছে জাতীয় রাজস্ববোর্ড

সঞ্চয়পত্রে ৫ শতাংশ উৎসে কর কাটার প্রজ্ঞাপন জারি করেছে জাতীয় রাজস্ব বোর্ড। **৩১** আগস্ট জারি করা ঐ প্রজ্ঞাপনে বলা হয়েছে, সব ধরনের সঞ্চয়পত্রে ৫ লাখ টাকা পর্যন্ত বিনিয়োগ করলে ৫ শতাংশ হারে উৎসে কর আদায় করা হবে। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.১৮,ক.১), **যুগান্তর** (পৃ.১৫,ক.৩)।

সম্পাদকীয়

ক. **সমকাল :** ঢাকা উত্তর সিটি করপোরেশন এলাকার হাসপাতাল, ক্লিনিক, ডায়াগনস্টিক সেন্টারগুলোর সামনে বর্জ্যের স্তূপ থাকার খবর প্রকাশিত হওয়ার কথা উল্লেখ করে এ ব্যাপারে দৃষ্টি দেওয়ার সুপারিশ।

খ. **যুগান্তর :** ঋণ পুণর্গঠনসহ প্রয়োজনীয় সব পদক্ষেপ নিয়ে দেশীয় সুতা ও বস্ত্রশিল্প রক্ষার ওপর গুরুত্বারোপ।

গ. **সংবাদ :** শিল্পোৎপাদন কার্যক্রম বাড়লেও সে অনুযায়ী বাড়েনি কর্মসংস্থান উল্লেখ করে এ ব্যাপারে দৃষ্টি দেওয়ার সুপারিশ।

ঘ. **জনকণ্ঠ :** ডেঙ্গু প্রতিরোধে জনসচেতনতামূলক কার্যক্রম বাড়ানোর আহ্বান।

ঙ. **ভোরের কাগজ :** ভারতের আসাম রাজ্যে চূড়ান্ত জাতীয় নাগরিক তালিকার ব্যাপারে বাংলাদেশকে সতর্ক থাকতে হবে বলে মতপ্রকাশ।

চ. **অবজারভার :** বৃষ্টি ও বন্যার কারণে দেশের অনেক প্রাথমিক বিদ্যালয় ক্ষতিগ্রস্ত হয় উল্লেখ করে বন্যা প্রতিরোধী স্কুল ভবন নির্মাণের ওপর গুরুত্বারোপ।

ছ. **নিউ এজ :** বিভিন্ন পণ্যের জন্য পরিবেশের জন্য ক্ষতিকর প্লাস্টিক মোড়ক নিষিদ্ধ করার সুপারিশ।

উপসম্পাদকীয়

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, ভর্তি পরীক্ষার জটিলতা এড়াতে সকল পাবলিক বিশ্ববিদ্যালয়কে মাত্র একটি অভিন্ন পরীক্ষার আওতায় আনতে হবে।

নিবন্ধ ও ফিচার

ভোরের কাগজ পত্রিকায় প্রকাশিত **'ডেইরি শিল্প ও খাদ্য নিরাপত্তা'** শিরোনামের নিবন্ধে বলা হয়েছে, সবার জন্য নিরাপদ ও পুষ্টিকর দুধ নিশ্চিত করার লক্ষ্যে স্বাস্থ্যকরভাবে দুধ দোহন, সংগ্রহ, সংরক্ষণ ও পাস্তুরিত করার বিষয়ে যত্নবান হতে হবে।

#

রিদওয়ান/সাঈদা/রশীদ/মাসুম/২০১৯/৯.০০ঘন্টা